JAN. 2001

# খুলনা বিশ্ববিদ্যালয় সমাবর্তন বাতিল করতে পরিকল্পিতভাবে ভাঙচুর করা হয়েছে

—উপাচার্য

**খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের হাতে উপাচার্য, ট্রেজারার, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী প্রহৃত এবং প্রশাসনিক ভবনে ব্যাপক ভাঙচুরের ঘটনা তদন্তের জন্য কর্তৃপক্ষ ৬ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছেন বলে উপাচার্য প্রফেসর ড. এস, এম নজরুল ইসলাম জানিয়েছেন। প্রফেসর আবদুর রহমানকে চেয়ারম্যান এবং প্রফেসর সাইফুদ্দিন শাহ্‌কে সম্পাদক করে তদন্ত কমিটি করা হয়।

ছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানের দাবিতে আন্দোলনরত ছাত্ররা রোববার বিশ্ববিদ্যালয় ভাঙচুর, গোলযোগ ও মারধরের ঘটনা ঘটায়।

উপাচার্য জানান, ছাত্রীদের সামান্য সমস্যাকে ব্যবহার করে একটি মহল ১৪ই ফেব্রুয়ারি সমাবর্তন অনুষ্ঠান বানচাল করার জন্য পরিকল্পিতভাবে এ ঘটনা ঘটিয়েছে। সমাবর্তনে রাষ্ট্রপতির উপস্থিত থাকার কথা।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে অতিরিক্ত পুলিশ মোতায়েন রাখা হয়েছে।